শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ ভবন**
পরিবেশ অধিদপ্তর, ই/১৬ আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd / www.ozonecellbd.com

পত্র সংখ্যা: পরিবেশ/ওডিএস (এইচএফসি লাইসেন্স)/১৩৬/২০২২/০৩ তারিখ ঃ ০৮ ~~ডিসেম্বর~~ জানুয়ারি ২০২৪খ্রিঃ

**বিষয় ঃ এইচএফসি-এর ২০২৪ সালের ১ম কিস্তি আমদানি লাইসেন্স প্রদান ও ২০২৩ সালে প্রদত্ত এইচএফসি ও ওডিএস লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত সভার কার্যবিবরনী।**

**সভাপতি** ঃ কাজী আবু তাহের, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
**স্থান** ঃ সভাকক্ষ (কক্ষ নং-৬০৫), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
**তারিখ ও সময়** ঃ ২৮ ডিসেম্বর, ২০২৩; সকাল ১০:৩০ ঘটিকা।

**সভায় উপস্থিত কমিটির সদস্য/কর্মকর্তাদের তালিকা ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

ক) মির্জা শওকত আলী, পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

খ) সৈয়দ নজমুল আহসান, পরিচালক (ঢাকা অঞ্চল), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

গ) জনাব মোঃ জিয়াউল হক, পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

ঘ) ড. মোহাম্মদ আব্দুল মোতালিব, উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

ঙ) জনাব মোঃ মহিউদ্দিন মানিক, পরিচালক ও প্রকল্প পরিচালক, ইনস্টিটিউশন্যাল স্ট্রেনদেনিং (ফেজ-১০) প্রকল্প, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

চ) ড. সত্যেন্দ্র কুমার পুরকায়স্থ, প্রজেক্ট কোঅর্ডিনেটর, ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

**উপস্থাপনা ঃ**

১। সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধের প্রেক্ষিতে সদস্য সচিব সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন।

২। সদস্য সচিব জানান, মন্ট্রিল প্রটোকলের কিগালি সংশোধনী বাস্তবায়নের ১ম পদক্ষেপ হিসেবে সরকার ৮ জুন ২০২০ তারিখে কিগালি সংশোধনী অনুস্বাক্ষর করে এবং প্রটোকলের আওতায় এইচএফসি-এর আমদানি ও ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা ৬'ক'-তে ক্ষমতাবলে ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ১৮টি তালিকাভূক্ত এইচএফসি অথবা এর মিশ্রণের আমদানি, বাজারজাতকরণ, বিক্রয়, মজুদ বা বিতরণের নিমিত্ত পরিবেশ অধিদপ্তরের মাহপরিচালকের নিকট হতে লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক করে প্রজ্ঞাপন (এসআরও নং -৪০ আইন/২০২১) জারি করা হয়। প্রটোকল অনুযায়ী, ২০২০, ২০২১ ও ২০২২ সালের গড় আমদানির উপর ভিত্তি করে বাংলাদেশের ভিত্তি পরিমাণ নির্ধারিত হয়েছে ৫,৪৭৩,৫৩২ টন $CO_2$ (GWP) সমপরিমাণ নির্ধারণ করা হয়েছে। উক্ত পরিমাণের বেশী এইচএফসি দ্রব্যাদি ২০২৪ সালে আমদানি বা ব্যবহার করা যাবে না।

৩। তিনি উল্লেখ করেন যে, ২০২৪ সালে এইচএফসি-এর আমদানির জন্য এ পর্যায়ে মোট ৯টি আবেদনপত্র জমা পড়েছে, যার ৩৩৩৭৪৩.৯৪৬ টন $CO_2$ (GWP) সমপরিমাণ। আমদানিকারকগণ R-134a, R-410A, R404A, R-407C ও R-32 দ্রব্য আমদানির জন্য আবেদন করেছেন। আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের চাহিদা মোতাবেক HFC দ্রব্যের আমদানি লাইসেন্স অনুমোদন করা হলে ২০২৪ সালে আমদানির জন্য আরও ৫,১৩৯,৭৮৮.০০ টন $CO_2$ সমপরিমাণ এইচএফসি অবশিষ্ট থাকবে।

৪। এছাড়া তিনি উল্লেখ করেন যে, ২০২৩ সালে বরাদ্দকৃত এইচএফসি লাইসেন্স প্রাপ্তদের মধ্যে ১০টি প্রতিষ্ঠান তাদের নামে বরাদ্দকৃত লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেছেন। মূলতঃ ডলার সংকটের কারণে এলসি খুলতে না পারায় নির্দিষ্ট মেয়াদের মধ্যে আমদানিকারকগণ আমদানি করতে পারেন নাই মর্মে উল্লেখ করেন।

তিনি আরও জানান, ২০২৩ সালে বরাদ্দকৃত ওডিএস লাইসেন্স প্রাপ্তদের মধ্যে ২(দুই)জন আমদানিকারক নির্দিষ্ট মেয়াদের মধ্যে আমদানি করতে পারেন নাই। একজন আংশিক আমদানি করেছে। মূলতঃ ডলার সংকটের কারণে আমদানিকারকগণ এলসি খুলতে না পারায় বিলম্ব হয়েছে।

**আলোচনা ঃ**

৫। আলোচনায় অংশগ্রহণ করে বায়ুমান ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ জিয়াউল হক জানান যে, ২০২৪ সাল হতে এইচএফসি-এর আমদানির পরিমাণ এইচএফসি-এর ভিত্তি পরিমাণের বেশী হবে না। তাই এইচএফসি-এর আমদানি লাইসেন্স বরাদ্দের সময় প্রতি আমদানিকারকের নামে সুপারিশকৃত পরিমাণের পাশে GWP উল্লেখ করলে হিসাব রাখতে সুবিধা হবে। এইচএফসির লাইসেন্সের মেয়াদ পূর্বের ন্যায় ৩১ ডিসেম্বর পর্যন্ত রাখা যেতে পারে।

৬। কোটা বরাদ্দের বিষয়ে কমিটির সদস্য মির্জা শওকত আলী, পরিচালক (আন্তঃ কনঃ ও জলঃ পরিঃ) বলেন যে, ২০২৪ সালের কোটার তুলনায় আবেদনকৃত পণ্যের GWP খুব অল্প (আনুমানিক ৬%)। তাই দাখিলকৃত আবেদনসমূহে চাহিদা মোতাবেক কাগজপত্রাদি সঠিক পাওয়া গেলে তাদের সকলের আবেদনসমূহ বিবেচনা করা যেতে পারে। এ পরিপ্রেক্ষিতে কমিটির সদস্যগণ আবেদনসমূহ যাচাই-বাছাই করেন। যাচাই-বাছাইয়ে সকল আবেদন সঠিক পাওয়া যায় এবং কমিটির সকল সদস্য আবেদনকারীদের চাহিদা মোতাবেক লাইসেন্স বরাদ্দ প্রদানের বিষয়ে একমত পোষণ করেন।

৭। ২০২৩ সালে ইস্যুকৃত এইচএফসি ও ওডিএস লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির বিষয়টি আলোচনা হলে ওজোন সেলের প্রকল্প সমন্বয়ক জানান যে, ডলার সংকটের কারণে কিছু সংখ্যক আমদানিকারক লাইসেন্স পত্রে প্রদত্ত মেয়াদের মধ্যে এলসি খুলতে পারেন নাই। কিন্তু তারা ইতোমধ্যে এলসি খুলেছেন। তাদের অনেকের মালমাল জানুয়ারি মাসে বাংলাদেশে আসবে। এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন। এ বিষয়ে কমিটির সদস্যগণ ২০২৩ সালে প্রদত্ত এইচএফসি ও ওডিএস লাইসেন্সের মেয়াদ আগামী ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত বর্ধিত করার বিষয়ে সম্মতি প্রদান করেন।

**সিদ্ধান্ত ঃ**

৮। সভায় এইচএফসি-এর ২০২৪ সালের ১ম কিস্তি লাইসেন্স বরাদ্দ এবং ২০২৩ সালে বরাদ্দকৃত এইচএফসি ও ওডিএস লাইসেন্সসমূহের মেয়াদ বৃদ্ধি বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) নিম্নে উল্লিখিত প্রতিষ্ঠানের অনুকূলে তাদের নামের পাশে বর্ণিত পরিমাণে এইচএফসি বরাদ্দ দিয়ে লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ গৃহীত হয়ঃ

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | এইচএফসির-নাম | বরাদ্দের পরিমান এইচএফসি (মে.টন) | GWP |
|---|---|---|---|---|---|
| ক) উৎপাদনকারী প্রতিষ্ঠান | | | | | |
| ১. | AC Bazar Industries Limited | South Fedainagar, Baraiyadhala, Sitakunda, Chattogram | R-134a | 15.640 | 22365.200 |
| ২. | AC Bazar Industries Limited | South Fedainagar, Baraiyadhala, Sitakunda, Chattogram | R-410A | 40.341 | 84211.837 |
| খ) বাণিজ্যিক প্রতিষ্ঠান | | | | | |
| ৩. | Nishat Traders | 25/1, Joykali Mondir Road, Dhaka | R-404A | 12.535 | 49157.256 |
| ৪. | Nishat Traders | 25/1, Joykali Mondir Road, Dhaka | R-410A | 25.990 | 54254.125 |
| ৫. | Nishat Traders | 25/1, Joykali Mondir Road, Dhaka | R-134a | 15.640 | 22365.200 |
| ৬. | Nishat Traders | 25/1, Joykali Mondir Road, Dhaka | R-32 | 21.850 | 14748.750 |
| ৭. | Shajib Enterprise | 56, Monihar Classic (3rd Floor), Shantinagar, Dhaka | R-134a | 15.640 | 22365.200 |
| ৮. | Shajib Enterprise | 56, Monihar Classic (3rd Floor), Shantinagar, Dhaka | R-410A | 25.990 | 54254.125 |
| ৯. | Shajib Enterprise | 56, Monihar Classic (3rd Floor), Shantinagar, Dhaka | R-407C | 5.650 | 10022.252 |

খ) নিম্নে উল্লিখিত ১০টি এইচএফসি লাইসেন্সসমূহের মেয়াদ আগামী ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত বর্ধিত করার বিষয়ে সুপারিশ গৃহীত হয়ঃ

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | এইচএফসির-নাম | বরাদ্দের পরিমান এইচএফসি (মে.টন) | লাইসেন্সপত্র নম্বর |
|---|---|---|---|---|---|
| ক) উৎপাদনকারী প্রতিষ্ঠান | | | | | |
| ১. | Healthcare Pharmaceuticals Ltd. | 3/3/A-East Rumpura, Dhaka | R-134a | 4.125 | 161/2023 |
| খ) বাণিজ্যিক প্রতিষ্ঠান | | | | | |
| ২. | Delco International Co. | 60/E/1, Purana Paltan, Dhaka | R-134a | 31.008 | 140/2023 |
| ৩. | Delco International Co. | 60/E/1, Purana Paltan, Dhaka | R-410A | 25.764 | 143/2023 |
| ৪. | Sezan Enterprise | 28 No. Joginogor Lane, Wari, Dhaka | R-32 | 5.700 | 154/2023 |
| ৫. | Sezan Enterprise | 28 No. Joginogor Lane, Wari, Dhaka | R-134a | 31.280 | 158/2023 |
| ৬. | Sezan Enterprise | 28 No. Joginogor Lane, Wari, Dhaka | R-410A | 3.390 | 155/2023 |
| ৭. | Ruhul Amin Refrigeration | 53/1 BCC Road, Wari, Dhaka | R-32 | 10.925 | 84/2023 |
| ৮. | Al-Ammar Enterprise | 219-220, Nababpur Road, Gausia Plaza, Dhaka | R-134a | 15.640 | 57/2023 |
| ৯. | Elite Hitech Industries Ltd. | Plot-6613, Korpai, Burichong, Cumilla | R-32 | 15.000 | 29/2023 |
| ১০. | Elite Hitech Industries Ltd. | Plot-6613, Korpai, Burichong, Cumilla | R-410A | 103.056 | 73/2023 |

গ) নিম্নে উল্লিখিত ২টি ওডিএস লাইসেন্সসমূহের মেয়াদ আগামী ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত বর্ধিত করার বিষয়ে সুপারিশ গৃহীত হয়ঃ

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | ওডিএস-এরনাম | বরাদ্দের পরিমান ওডিএস (মে.টন) | লাইসেন্সপত্র নম্বর |
|---|---|---|---|---|---|
| ১. | Frankenfood Corporation | Kawadi, Charsindur, Palash, Narsingdi | R-22 | 7.752 | 1388 |
| ২. | Achreenz Limited | Modern Mension (8th Floor), Room-7, 53 Motijheel C/A, Dhaka | R-123 | 3.000 | 1421 |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(ড. মোহাম্মদ আব্দুল মোতালিব)**
উপপরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব

**(মোঃ মহিউদ্দিন মানিক)**
উপপরিচালক
ও
জাতীয় প্রকল্প পরিচালক
ইনস্টিটিউশন্যাল স্ট্রেনদেনিং (ফেজ-১০)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

**(সৈয়দ নজমুল আহসান)**
পরিচালক (ঢাকা অঞ্চল)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

**(মির্জা শওকত আলী)**
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য

**(মোঃ জিয়াউল হক)**
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য

**(কাজী আবু তাহের)**
অতিরিক্ত মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর, ঢাকা
ও
আহ্বায়ক